# Loprazol

Omeprazole

## COMPOSITION

**Loprazol** 20 capsule: Each capsule contains Omeprazole BP 20 mg as enteric coated pellets.

## PHARMACOLOGY

Loprazol (Omeprazole) a substituted benzimidazole, is an inhibitor of gastric acid secretion. Omeprazole inhibits secretion of gastric acid by blocking the hydrogen-potassium-adenosine triphosphatase enzyme system, the so-called 'proton pump' of the gastric parietal cell. It is effective for the treatment of gastric and duodenal ulcers and particularly for erosive reflux oesophagitis. Orally administered Loprazol is absorbed rapidly but to a variable extent. Following absorption Loprazol is almost completely metabolized and rapidly eliminated mostly in the urine. Although the elimination half-life from plasma is short, being reported to be 0.5 to 1.5 hours, its duration of action with regard to inhibition of acid secretion is much longer and it is suggested that its distribution to the tissues particularly to the gastric parietal cells accounts for this action. Loprazol is highly bound (about 95%) to plasma proteins.

## INDICATION

Omeprazole is indicated for the treatemtn of Benign gastric and Duodenal ulcers including NSAID induced gastric and duodenal ulcers of gastroduodenal erosions, gastroesophageal reflux disease (GERD), acid related dyspepsia or disorders associated with hypersecretion of gastric acid, such as Zollinger-Ellison Syndrome.

It is also used in combination with antibiotics for eradication of *Helicobacter Pylori* in peptic ulcer disease as triple therapy.

## DOSAGE AND ADMINISTRATION

Benign gastric and Duodenal ulcers including NSAID induced gastric and duodenal ulcers of gastroduodenal erosions: 20 mg once daily for 4 weeks in gastric ulceration, in severe cases the dose may be increased to 40 mg daily.

Gastroesophageal reflux disease (GERD): 20 mg once daily for 4 weeks, followed by a further 4-8 weeks if not fully healed: 40 mg daily has to be given for 8 weeks in patients with reflux esophagitis refractory to other therapy. Patients can be continued at a dosage of 20 once daily.

Zollinger-Ellison Syndrome: Initially 60 mg once daily, usual range 20-120 mg daily (above 80 mg in 2 divided doses), Larger dose of up to 180 mg daily in divided doses may be used.

## CONTRAINDICATION

Omeprazole is contraindicated in patients with known hypersensitivity to any component of the formulation.

## PRECAUTION

Symptomatic response to therapy with Loprazol does not preclude the presence of gastric malignancy.

## SIDE EFFECT

**Loprazol** is well tolerated. Nausea, diarrhoea, abdominal colic, paresthesia, dizziness and headache have been stated to be generally mild and transient and not requiring a reduction in dosage.

## USE IN PREGNANCY AND LACTATION

Avoid in pregnancy unless there is no safer alternative. Breast-feeding should be discontinued if the use of Loprazol is considered essential.

## DRUG INTERACTION

**Loprazol** can delay the elimination of diazepam, phenytoin and warfarin. Reduction of warfarin or phenytoin dose may be necessary when **Loprazol** is added to treatment. There is no evidence of an interaction with theophylline, propranolol or antacids.

## STORAGE

Do not store above 30°C, protect from light & moisture. Keep out of the reach of children.

## PACKAGING

**Loprazol** 20 Capsule: Each box contains 10x10 capsules in Alu-Alu blister pack.

Manufactured by
**National Drug Co. Ltd.**
Bangalpara, Dhamrai, Dhaka.

# লোপ্রাজল

ওমিপ্রাজল

## উপাদান

**লোপ্রাজল** ২০ ক্যাপসুলঃ প্রতিটি ক্যাপসুলে আছে ওমিপ্রাজল বিপি ২০মি.গ্রা. এন্টেরিক কোটেড পিলেটস্ হিসাবে।

## ফার্মাকোলজি

লোপ্রাজল (ওমিপ্রাজল) একটি প্রতিস্থাপিত বেনজিমিডাজোল জাতীয় ওষুধ যা গ্যাস্ট্রিক এসিড নিঃসরণে প্রতিবন্ধক হিসাবে কাজ করে। ওমিপ্রাজল গ্যাস্ট্রিক প্যারাইটাল কোষের হাইড্রোজেন - পটাশিয়াম - এ্যাডিনোসিন ট্রাইফসফেটেজ সিস্টেম (যা প্রোটন পাম্প' হিসাবে পরিচিত)-কে বাধা দিয়ে গ্যাস্ট্রিক এসিড নিঃসরণে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। এটা গ্যাস্ট্রিক ও ডিওডেনাল আলসার এবং বিশেষভাবে ইরোসিভ রিফ্লাক্স ইসোফেগাইটিস এর ক্ষেত্রে একটি কার্যকরী চিকিৎসা । মুখে সেবনের পর লোপ্রাজল বিভিন্ন মাত্রায় দ্রুত বিশোষিত হয়। লোপ্রাজল প্রায় সম্পূর্ণ বিপাক হয় এবং মুত্রের সাথে দ্রুত দেহ থেকে বেরিয়ে যায় যদিও এলিমিনেশন হাফ-লাইফ সংক্ষিপ্ত অর্থাৎ ০.৫ - ১.৫ ঘণ্টা তথাপি গ্যাস্ট্রিক এসিড নিঃসরণে এর প্রতিবন্ধকতা দীর্ঘক্ষণ ব্যাপী। টিস্যুতে ছড়িয়ে পড়ায় এবং বিশেষভাবে গ্যাস্ট্রিক প্যারাইটাল কোষে ভালভাবে পৌছায় বলে এই রকম কার্যকারিতা দেয়। লোপ্রাজল অধিক পরিমাণে (প্রায় ৯৫%) প্লাজমা প্রোটিনের সাথে আবদ্ধ হয় ।

## নির্দেশনা

লোপ্রাজল (ওমিপ্রাজল) গ্যাস্ট্রিক ও ডিওডেনাল আলসার এবং এনএসএআইডি জনিত আলসার, গ্যাস্ট্রো-ইসোফ্যাগাল রিফ্লক্স ডিজিজ, এসিডজনিত ডিসপেপসিয়া এবং অতিরিক্ত গ্যাস্ট্রিক এসিড নিঃসরণজনিত সমস্যা যেমন জলিনজার এলিসন সিনড্রোম এর ক্ষেত্রে নির্দেশিত। পেপটিক আলসারজনিত হেলিকোব্যাক্টর পাইলোরি নির্মূল করতে ট্রিপল থেরাপি হিসাবে এন্টিমাইক্রোবিয়াল ঔষধের সাথে এটি ব্যবহার করা হয়।

## মাত্রা ও সেবনবিধি

গ্যাস্ট্রিক এবং ডিওডেনাল আলসার এবং এনএসএআইডি প্রদাহ রোধী ওষুধ দ্বারা চিকিৎসাকালীন ঃ ডিওডেনাল আলসারের ক্ষেত্রে দৈনিক ২০ মি.গ্রা. করে ৪ সপ্তাহ পর্যন্ত সেব্য অথবা গ্যাস্ট্রিক আলসারের ক্ষেত্রে ৮ সপ্তাহ পর্যন্ত সেব্য। রোগের তীব্র অবস্থায় মাত্রা দিনে ৪০ মি.গ্রা. পর্যন্ত বাড়ানো যেতে পারে।

গ্যাস্ট্রো ইসোফেগাল রিফ্লাক্স ডিজিজ এর চিকিৎসায় ঃ ২০ মি.গ্রা. করে দিনে একবার করে ৪ সপ্তাহ সেব্য, যদি নিরাময় না হয় তাহলে আরও ৪-৮ সপ্তাহ পর্যন্ত সেব্য। অন্য ওষুধ দ্বারা নিরাময় হয় নাই এমন রিফ্লাক্স ইসোফেগাইটিস এর চিকিৎসায় দিনে ৪০ মি.গ্রা. করে ৮ সপ্তাহ পর্যন্ত সেব্য। পরবর্তিতে ২০ মি.গ্রা. করে সেবন মাত্রা অব্যাহত রাখা যেতে পারে।

জোলিঞ্জার-ইলিসন সিনড্রোম ঃ প্রাথমিক ভাবে ৬০ মি.গ্রা. দিনে একবার সেব্য। স্বাভাবিক মাত্রা হল দিনে ২০-১২০ মি.গ্রা. (৮০ মি.গ্রা. এর উপরে দুইটি বিভক্ত মাত্রায়)। অধিক মাত্রায় দিনে ১৮০ মি.গ্রা. বিভক্ত মাত্রায় দেয়া যেতে পারে।

## প্রতিনির্দেশনা

লোপ্রাজল (ওমিপ্রাজল) ব্যবহারে কোন প্রতিনির্দেশনা জানা নাই। যখন গ্যাষ্ট্রিক আলসার হয়েছে বলে ধারণা করা হয় তখন ওমিপ্রাজল দ্বারা চিকিৎসা শুরু করার পূর্বে ম্যালিগনেন্সি আছে কিনা পরীক্ষা করা উচিত কারণ ওমিপ্রাজল ম্যালিগনেন্সির লক্ষণসমূহ উপশম করতে পারে ফলে ম্যালিগনেন্সি নির্ণয়ে বিঘ্ন ঘটতে পারে।

## সতর্কতা

লোপ্রাজল (ওমিপ্রাজল) দ্বারা আলসারের লক্ষণ সমূহ দূরীভূত হলেও ম্যালিগনেন্সির অনুপস্থিতি সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে না।

## পার্শ্ব-প্রতিক্রিয়া

লোপ্রাজল (ওমিপ্রাজল) ভালভাবে সহনীয়। মৃদু এবং অস্থায়ী পার্শ্ব প্রতিক্রিয়ার মধ্যে রয়েছে বমি বমি ভাব, ডায়ারিয়া, তলপেটে ব্যথা, অস্বস্থিবোধ, মাথা ঝিম ঝিম করা এবং মাথা ব্যথা। এই ক্ষেত্রে সেবন মাত্রা কমানোর প্রয়োজন।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

অন্য কোন নিরাপদ ওষুধ থাকলে গর্ভাবস্থায় এই ওষুধ পরিহার করা উচিত। যদি লোপ্রাজল (ওমিপ্রাজল) এর ব্যবহার অতীব প্রয়োজনীয় হয় তাহলে স্তন্য দানে বিরত থাকতে হবে।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া

**লোপ্রাজল** ব্যবহারের সময় ডায়াজিপাম, ফেনিটয়েন এবং ওয়ারফারিন এর নিঃসরণ বিলম্বিত হয়। যখন **লোপ্রাজল** চিকিৎসায় যুক্ত হয় তখন ওয়ারফারিন এবং ফেনিটয়েন-এর মাত্রা কমানোর প্রয়োজন হয়। থিউফাইলিন, প্রোপ্রানোলল অথবা এন্টাসিড-এর সাথে লোপ্রাজল -এর ইন্টার‍্যাকশনের কোন প্রমাণ নাই।

## সংরক্ষণ

৩০° সেন্টিগ্রেড তাপমাত্রার উপরে সংরক্ষণ থেকে বিরত থাকুন। আলো ও আর্দ্রতা থেকে দূরে, ঠাণ্ডা ও শু স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন ।

## সরবরাহ

**লোপ্রাজল** ২০ ক্যাপসুলঃ প্রতি বাক্সে আছে ১০x১০ টি ক্যাপসুল অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

প্রস্তুতকারক
**ন্যাশনাল ড্রাগ কোঃ লিঃ**
বাঙ্গালপাড়া, ধামরাই, ঢাকা।